মুজিবনগরে নিখোঁজ হওয়ার ৬ ঘণ্টা পর স্কুল ছাত্রের মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রাম সংলগ্ন ভৈরব নদীর সু্ইস গেটে তুলতে গিয়ে পানিতে ডুবে নিখোঁজ হওয়ার ৬ ঘণ্টা পর উৎস (১৫) নামের এক স্কুল ছাত্রের মরদেহ উদ্ধার করা হয়েছে।

উৎস হোসেন জেলার গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকার ফজলুল হকের ছেলে ও স্থানীয় একটি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র।

শুক্রবার দিবাগত রাত ৮টার দিকে খুলনা থেকে আসা ডুবুরির একটিদল স্কুল ছাত্র উৎসের মরদেহ উদ্ধার করে। এর আগে দুপুর আড়াইটার দিকে রশিকপুর গ্রাম সংলগ্ন ভৈরব নদীর সুইচ গেটে ছবি তুলতে গিয়ে নদীর পানিতে পড়ে গিয়ে উৎস নিখোঁজ হয়।

ভৈরব নদীর পানিতে প্রায়ই ২ ঘণ্টা যাবত ফায়ার সার্ভিসের একাধিকদল তল্লাসি চালিয়ে স্কুল ছাত্র উৎসকে খুঁজে পেতে ব্যর্থ হয়। পরে খুলনা থেকে একটি ডুবুরিদল ওই নদীর পানিতে তল্লাসি চালিয়ে তার মরদেহ উদ্ধার করে।

রশিকপুর স্লুইচ গেটে ছবি তুলতে গিয়ে দশম শ্রেণীর শিক্ষার্থী নিখোঁজ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর স্লুইচ গেটে দুই বন্ধু মিলে ছবি তুলতে গিয়ে পানিতে পরে নিখোঁজ হয়েছে উৎস (১৭) নামের এক দশম

শ্রেণীর শিক্ষার্থী।
শুক্রবার দুপুরে নামাজ চলাকালীন সময়ে এমন মর্মান্তিক ঘটনা ঘটে। উৎস মেহেরপুর জেলার গাংনী উপজেলার ফজলুর ছেলে।সে দশম শ্রেণীর শিক্ষার্থী।
জানা গেছে,উৎস ও তার বন্ধু সুইচ গেটে ছবি তুলতে আসে। ছবি তোলার এক পর্যায়ে পা পিছলিয়ে পানিতে পরে যায়। পরে পানির স্রোতে ভাসতে ভাসতে এক পর্যায়ে পানির তলদেশে চলে গেলে আর উঠতে পারে নি।এদিকে ঘটনার পরই নদীর দু পাশে হাজারো জনগন ভীড় জমিয়ে রেখেছে। জনগনকে কন্ট্রোল করতে পুলিশ সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হয়েছে। পুলিশ সদস্যরা জনগনদের নিরাপত্তা দিতে সর্বাখানিক প্রচেশ্টা চালিয়ে যাচ্ছে।
এদিকে নিখোঁজ ব্যাক্তিকে উদ্ধারের জন্য খুলনা থেকে ফায়ার সার্ভিসের একটি ডুবুরী টিম রওনা দিয়েছে বলে জানা গেছে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত নিখোঁজের উদ্ধার কাজ শুরু হয়নি।

আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে ঘর নির্মাণের অভিযোগ

আদালতের নিশেধাজ্ঞা অমান্য করে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার লক্ষিকুন্ড গ্রামে বিবাদপূর্ণ সম্পত্তিতে জবরদখল করে ঘর নির্মানের অভিযোগ পাওয়া গেছে। আদালতের ১৪৪ ধারা জারি থাকা সত্তেও নিশেধাজ্ঞা আমলে না নিয়ে ক্ষমতার দাপট দেখিয়ে ঘর নির্মাণের অভিযোগ উঠেছে উপজেলার সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড গ্রামের খাঁ পাড়ার মৃত ঝড়ু খাঁর ছেলে আঃ ছামাদ খাঁ ও তার ছেলে মতিয়ার রহমান, আনিচুর রহমান ও মশিয়ারের বিরুদ্ধে। এতে অভয় পক্ষের মধ্যে যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা করছে এলাকাবাসী। এদিকে ভুক্তভোগী বাদী শরিফুল ইসলাম পুলিশের দারস্থ্য হয়েও পাচ্ছেন না কোন প্রতিকার। এবিষয়ে আদালতের হস্তক্ষেপ চেয়েছেন অসহায় ভুক্তভোগী শরিফুল ইসলাম।

অভিযোগ সূত্রে জানাযায়, উপজেলার সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড

গ্রামের খাঁ পাড়ার মৃত শাহাদৎ হোসেনের নামে কোটচাঁদপুর ৩৬ নং জয়দিয়া লক্ষিকুন্ড মৌজার ৫৫২নং এসএ খতিয়ান ও হাল ৯৭ খতিয়ানের ১৫৫৮এস এ দাগ ও ২৯৭৮ হালদাগের ১৯ শতক জমি ১৮২৬ ও ১৯৬২ সালের রেকর্ডে উল্লেখ থাকে। শাহাদৎ হোসেনের মৃত্যুর পর তার চাচাতো ভাই সামাদ খাঁ ভূয়া ও জাল কাগজ পত্র দাখিল এবং অনিয়ম করে ১৯৮৬ সালের রেকর্ডে ৬ শতক জমি সামাদ খাঁ নিজের নামে রেকর্ড করে নেন। পরবর্তিতে বিষয়টি বুঝতে পেরে শাহাদৎ হোসেনের ছেলে শরিফুল ইসলাম শরিফ খাঁ বাদী হয়ে ঝিনাইদহ জেলা দেওয়ানী আদালতে ২০১৯ সালের দিকে রেকর্ড সংসধনী মামলা দায়ের করেন। যা দেওয়ানী আদালতে রেকর্ড সংসধনী মামলায় বিচারাধীন।

এর পরেও বিবাদপূর্ণ ওই সম্পত্তিতে সামাদ খাঁ ও তার ছেলেরা সহ পরিবারের অন্য সদস্যরা জবর দখল করে ঘর নির্মান করছেন। যার প্রেক্ষিতে গত ১৬-০৮-২০২১ তারিখে শরিফুল ইসলাম বাদী হয়ে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে কাজ বন্ধের নিষেধাজ্ঞা জারি করে ১৪৪ ধারার আদেশ চেয়ে আবেদন করেন। বিজ্ঞ আদালত বিষয়টি আমলে নিয়ে কোট পিঃ ৫৮৯/২০২১ এবং ১২৩৫ নং স্মারকে ফৌঃ কাঃ বিঃ ১৪৪ ধারা কার্যকর করতে তফসিলভুক্ত সম্পত্তিতে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সংশ্লিষ্ট কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জকে নির্দেশ প্রদান করেন। থানার এ.এস.আই রাসেল ঘটনাস্থলে গিয়ে উভয়পক্ষকে আদালতের নির্দেশনা অনুযায়ী ওই সম্পত্তিতে ১৪৪ ধারা জারি রেখে কোন প্রকার কাজ না করার নির্দেশ প্রদান করেন।

কিন্তু বিবাদী সামাদ খাঁ ও তার ছেলেরা ভোগদখলকৃত অংশে আদালতের ১৪৪ ধারা ভঙ্গ করে জোরপূর্বক রাজনৈতিক প্রভাব ও ভয়ভীতি প্রদর্শন করে ঘর নির্মাণ করছে। তাতে বাধা দিতে গেলে প্রতিপক্ষরা বিভিন্ন প্রকার ভয়-ভীতি, গালিগালাজ ও হত্যার হুমকি দেয়।
এবিষয়ে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, আদালতের আদেশ ক্রমে ওই জায়গায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। যা,পরবর্তী দিন আগামী ০৩-১১-২০২১ পর্যন্ত বলবৎ থাকবে। যদি কেই এই আদেশ অমান্য করে তাহলে, আদালতের আদেশ অনুযায়ী তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১0 জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৯জন, গাংনী ১ জন।

শুক্রবার সকালে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৭৫ টি। তারমধ্যে ১০ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪০ জন। তার মধ্যে সদরে ১৮ জন, গাংনীতে ১১ জন এবং মুজিবনগরে ১১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গতকাল বৃহস্পতিবারের রিপোর্ট

চুয়াডাঙ্গায় করোনায় আক্রান্ত ৩

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা অনেকটাই কম। করোনার ভয়াল পরিস্থিতি কিছুটা কাটিয়ে উঠেছে চুয়াডাঙ্গা। বৃহস্পতিবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৩ জন। চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন।

গত ২৪ ঘন্টায় নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৪২ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ বৃহস্পতিবার ৪২ জনের নমুনা সংগ্রহ

করেছে । এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৭ হাজার ২১৮ জন।

এ দিকে ১১০ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৮ হাজার ৩৪৬ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ৩ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৪২ জনে।
বৃহস্পতিবার নতুন করে কেও সুস্থ হয়নি । জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৪৮৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ৮ জন আর বাড়িতে আছেন ১৩৬ জন। নতুন যে ৩ জন করোনা শনাক্ত হয়েছেন তার ভিতরে চুয়াডাঙ্গা সদর উপজেলার ২ জন এবং দামুড়হুদা উপজেলায় ১ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৪.৩৫ শতাংশ।

কোটচাঁদপুরে দশম শ্রেণীর ছাত্রীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোছাঃ পান্না খাতুন (১৫) নামে দশম শ্রেণীর এক স্কুল শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে পৌর শহরের সলেমানপুর দফাদার পাড়ায় এঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। শিক্ষার্থী পান্না ওই গ্রামের মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে।

বিষয়টি নিশ্চিত করে থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান জানান, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী সলেমানপুর গ্রামের দফাদার পাড়ার মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে পান্না খাতুন নিজের ঘরে বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে অভিমান করে ঘরের বাশেঁর সাথে গলায় রশি দিয়ে ফাঁস দেয়।

এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এসময় তার বাবা-মা পান্নার নানা বাড়ি পার্শ্ববর্তী উপজেলা মহেশপুরে ছিল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়।

প্রাথমিকভাবে পুলিশের ধারনা প্রেম ঘটিত কারনে আত্মহত্যা করতে পারে। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

গাংনীতে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল আটক

মেহেরপুর গাংনী উপজেলার সিন্দুর কৌটা গ্রামে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম অভিযান চালিয়ে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে। বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে সিন্দুর কৌটা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত কামাল হোসেন সিন্দুর কৌটা গ্রামের লুৎফর রহমানের ছেলে। ও কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইন্সপেক্টর আব্দুল মান্নান জানান, গাংনী উপজেলার সিন্দুর কৌটা এলাকায় মাদক নিয়ে অবস্থান করছে গোপন সংবাদের ভিত্তিতে সাব-ইন্সপেক্টর খসরু আল মামুন এর নেতৃত্বে অভিযান চালিয়ে কামাল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।এ সময় তার কাছ থেকে ৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আসামী কামালের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলার প্রস্তুতি চলছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ‘কামাল হোসেন এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক, অস্ত্র, বিস্ফোরক, চুরি, ডাকাতী ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে ডর্জনখানেক মামলা রয়েছে।

জীবননগরে মোবাইল কোর্টে ৩ চাউল ব্যবসায়ীর জরিমানা

জীবননগরে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩চাউল ব্যবসায়ীকে ৩৫হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে।গতকাল বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মোবাইল কোর্ট সুত্রে জানা গেছে,জীবননগর বাজারে বেশ কিছু ব্যবসায়ী চটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা ব্যবহার করছে এ তথ্যর ভিক্তিত্বে জীবননগর উপজেলার পিয়ারাতলায় মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স সততা ট্রেডার্সকে ১০হাজার টাকা,দেশ বাংলা অটো রাইচ মিলকে ২০হাজার টাকা এবং প্রধান এগ্রোকে ৫হাজার টাকা জরিমানা আদায় করেন।এবং সকল মিল মালিক ও চাউল ব্যবসায়ীদের সর্তক করেন ।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে

হাসানুজ্জামান লাল্টুর গনসংযোগ অব্যাহত

আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে নৌকার মনোনয়ন প্রত্যাশী উপজেলা আওয়ামীলীগের একজন সাধারন কর্মী, অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টু গনসংযোগ অব্যাহত রেখেছেন।
তারই ধারবাহিকতায়
বৃহস্প্রতিবার বিকাল থেকে শুরু করে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস,জয়পুর,তারানগর গ্রামে গনসংযোগ করেন।
এর আগে কেদারগন্জ বাজার প্রাঙ্গন থেকে আনন্দবাস বাজার প্রযন্ত মটরসাইকেল র্যালী করা হয়।
তিনি এই প্রথমবার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসাবে নির্বাচন করার লক্ষে নৌকার মনোনয়নের প্রত্যাশায় এ গনসংযোগ করেন।
এ সময় সাধারন জনগনের দোয়ারে গিয়ে গিয়ে সকলের দোয়া কামনা করেন তিনি।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে প্রবাসির স্ত্রীর আত্নহত্যা

গাংনীর পশ্চিম মালসাদহ গ্রামে নুপুর খাতুন (২৩) নামের এক প্রবাসির স্ত্রীর লাশ ঝলন্তাবস্থায় উদ্ধার করেছে পুলিশ। নুপুর খাতুন পশ্চিম মালসাদহ গ্রামের ব্র্যাক অফিসপাড়ার বাসিন্দা ও বাহরাইন প্রবাসি হাবিবুর রহমানের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে গাংনী থানা পুলিশের একটি টিম নুপুরের মরদেহ উদ্ধার করে।
স্থানীয়রা জানান নুপুরের শয়ন কক্ষের ভিতর থেকে তালাবদ্ধ দেখে তার শাশুড়ি ও পরিবারের অন্যান্য সদস্য তাকে ডাকতে থাকেন। নুপুরের কোন সাড়া না পেয়ে ঘরের দরজা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে নুপুরকে

ঝুলন্তাবস্থায় দেখতে পায়। পরিবারের লোকজন নুপুরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরী বিভাগের মেডিকেল অফিসার তাকে মৃত ঘোষনা করেন।

পুলিশ জানায়, মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের মেয়ে নুপুর খাতুনের সাথে পশ্চিম মালসাদহ গ্রামের হাবিবুর রহমানের সাথে ৬ বছর পূর্বে বিয়ে হয়। বিয়ের এক বছর পর তাদের সংসারে একটি সন্তান আসে। এরপর হাবিবুর সংসারে সচ্ছলতা আনতে বাইরাইনে যান।সেখান থেকে মেবাইলে হাবিবুরের সাথে স্ত্রী নুপুরের নানা কারণে কয়েকবার ঝগড়া হয়। স্বামীর উপর অভিমানে সে আত্মহত্যা করেছেন বলে প্রাথীমক ধারনা পুলিশের। গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি তদন্ত শেষে ঘটনার আরো বিস্তারিত বলা যাবে ।